


সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব বাণিজ্য মতামত খেলা বিনোদন চাকরি জীবনয  Eng 

 ভিডিও

 ভিডিও

 সাক্ষাৎকার

ভর্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে এমফিল ও পিএইচডি প্রোগ্রামে, গবেষক হওয়ার সুযোগ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

জাতীয় বিশ্ববিদ্যালয় ছবি : সংগৃহীত

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তির প্রক্রিয়া চলছে। কয়েকটি বিষয়ে পূর্ণকালীন গবেষক হিসেবে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে আগ্রহীদের। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম ২৩ জুলাই রাত ১২টার মধ্যে পূরণ করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি এক হাজার টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ২৫ জুলাইয়ের মধ্যে সংগ্রহ করতে হবে।

প্রোগ্রামের মেয়াদ

এমফিল প্রোগ্রামের মেয়াদ এক বছরের কোর্সওয়ার্কসহ ২ বছর এবং পিএইচডি প্রোগ্রামের মেয়াদ ৩ বছর।

সেমিনার

এমফিল প্রোগ্রামে ১টি এবং পিএইচডি প্রোগ্রামে ২টি সেমিনার প্রদান করতে হবে।

গুরুত্বপূর্ণ তারিখ

*অনলাইনে আবেদন ফরম পূরণ শুরু ৯ জুন

*অনলাইনে আবেদন ফরম পূরণের শেষ তারিখ ২৩ জুলাই

*সোনালী সেবায় টাকা জমা ১১ জুন থেকে ২৫ জুলাই

*লিখিত পরীক্ষা ৫ আগস্ট ২০২৪ (বেলা ১১টা থেকে দুপুর ১২টা)। ওই দিন লিখিত পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে

*লিখিত পরীক্ষার ফল প্রকাশ ১২ আগস্ট ২০২৪

*সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা: ১৮ আগস্ট থেকে ২২ আগস্ট ২০২৪ পর্যন্ত

*মেধা তালিকা প্রকাশ: ২৯ আগস্ট ২০২৪

*গবেষণা শুরুর তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৪

**আবেদনের বিস্তারিত জানতে ভিজিট করুন [nu.ac.bd](https://www.nu.ac.bd) অথবা

https://www.nu.ac.bd/uploads/notices/notice_2936_pub_date_02062024.pdf



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো